



ইসলামী ব্যাংক বা জামায়াত ইসলাম নয়: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে ইসলামী ব্যাংক নিয়ে আলোচনার সময় স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ বলেন, কোনো প্রতিষ্ঠান বা রাজনৈতিক দলের নামের সঙ্গে 'ইসলাম' শব্দ থাকলেই সেটি ইসলামের প্রতিনিধিত্ব করে না।

মঙ্গলবার (৯ জুন) সংসদে ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিবর্তন, গ্রাহকদের বিক্ষোভ এবং সাবেক ব্যবস্থাপনা পরিচালকের পদত্যাগ ইস্যুতে বিরোধীদলীয় সদস্যদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

মন্ত্রী বলেন, ব্যাংক কোম্পানি আইন অনুযায়ী চেয়ারম্যান ও পরিচালনা পর্ষদকে অপসারণ বা অব্যাহতি দেওয়ার ক্ষমতা বাংলাদেশ ব্যাংকের রয়েছে। এ নিয়ে আপত্তি থাকলে আইন সংশোধনের পথেই যেতে হবে।

তিনি আরও জানান, ইসলামী ব্যাংকের আরডিএস প্রকল্পের মাধ্যমে কয়েক দফায় বিপুল পরিমাণ অর্থ বিতরণ করা হয়েছে। তার দাবি, নির্বাচনের আগে ও পরে দেওয়া হাজার হাজার কোটি টাকার হিসাব নিয়ে প্রশ্ন রয়েছে এবং বিষয়টি তদন্তের আওতায় আনা হবে।

স্বরাষ্ট্রমন্ত্রীর অভিযোগ, একটি গোষ্ঠী পরিকল্পিতভাবে ব্যাংকটিতে অস্থিরতা তৈরির চেষ্টা করছে এবং সাধারণ গ্রাহকের পরিচয়ে আন্দোলন উসকে দিচ্ছে। তিনি রাজনৈতিক প্রচারণার মাধ্যমে জনগণকে বিভ্রান্ত না করার আহ্বান জানান।

এ সময় তিনি বলেন, ব্যাংক থেকে ঋণ নিয়ে ফেরত না দেওয়া ব্যক্তি এবং নিয়মবহির্ভূতভাবে চাকরিচ্যুত প্রায় ৯ হাজার কর্মীর বিষয়েও তদন্ত করা হবে।